

💵 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৬০]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (کتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৯: ঘুমাবার সময়ের দো'আ

(249) بَابُ مَا يَقُوْلُهُ عِنْدَ النَّوْمِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: إِذَا أَوَى أَحَدُكُمْ إِلَى فِرَاشِهِ فَليَنْفُض فِرَاشَهُ بِدَاخِلَةِ إِزَارِهِ، فَإِنَّهُ لاَ يَدْرِي مَا خَلَفَهُ عَلَيْهِ، ثُمَّ يَقُولُ: بِاسمِكَ رَبِّي وَضَعْتُ جَنْبِي، وَبِكَ أَرْفَعُهُ، إِنْ أَمْسَكْتَ نَفْسِي فَارْحَمْهَا، وَإِنْ أَرْسَلْتَهَا، فَاحْفَظْهَا بِمَا تَحْفَظُ بِهِ عِبَادَكَ الصَّالِحِينَ. متفق عَلَيْهِ

বাংলা

৩/১৪৬৮। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ শয্যা গ্রহণ করবে, তখন সে যেন নিজ লুঙ্গীর একাংশ দ্বারা তার বিছানাটা ঝেড়ে নেয়। কারণ, সে জানে না যে, তার অনুপস্থিতিতে কি কি জিনিস সেখানে এসেছে। তারপর এই দো'আ পড়বে,

'বিসমিকা রাব্বি অ্যা'তু জানবী অবিকা আরফা'উহু ফাইন আমসাকতা নাফসী ফারহামহা অইন আরসালতাহা ফাহফাযহা বিমা তাহফায় বিহী ইবা-দাকাস স্থা-লিহীন।'

অর্থাৎ হে আমার প্রতিপালক! আমি তোমারই নামে আমার পার্শ্ব রাখলাম এবং তোমারই নামে তা উঠাইব। অতএব যদি তুমি আমার আত্মাকে আবদ্ধ করে নাও, তাহলে তার প্রতি করুণা করো। আর যদি তা ছেড়ে দাও, তাহলে তাকে ঐ জিনিস দ্বারা হিফাজত কর, যার দ্বারা তুমি তোমার নেক বান্দাদের করে থাক।" (বুখারী ও মুসলিম) [1]

English

(249) Chapter: Supplication before going to Bed

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "When any of you goes to bed, he should shake off (or dust off) his bedsheet because he does not know what might



have fallen on it after he had left it. Then he should recite: 'Bismika Rabbi wada'tu janbi, wa bika arfa'uhu, in amsakta nafsi farhamha, wa in arsaltaha fahfazha bima tahfazu bihi 'ibadakas-salihin [With Your Name, my Rubb, I place my side (upon the bed) and with Your Grace I will raise it up. If You withhold my soul (cause me to die), have mercy on it but if You let it go (let me live), guard it against which You guarded Your pious slaves]."'

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith calls our attention to a very important matter that before going to bed, we must shake off our bed-sheet, mattresses, etc., because it is quite possible that some poisonous insect might have passed over it in our absence and the effects left by it may prove harmful to us. One should recite this prayer after shaking off the bed-sheet, mattresses, etc.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৩২০, ৭৩৯৩, মুসলিম ২৭১৪, তিরমিযী ৩৪০১, আবূ দাউদ ৫০৪০, ইবনু মাজাহ ৩৮৭৪, আহমাদ ৭৩১৩, ৭৭৫২, ৭৮৭৮, ৯১৭৩, ৯৩০৬, দারেমী ২৬৮৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন